# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.৩৪.০০১.১৮-৭৩ তারিখঃ ২৯.০১.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ** **পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং- ৫৭.০০.০০০০.০০১.১৮.০৩২.১৬-১০৮; তারিখঃ ২৮ জানুয়ারি, ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পরিস্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষা কার্যক্রমের আওতায় পরিস্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ উল্লেখ করে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে পরিপত্র জারি করা হয়েছে।

- শিক্ষার্থীদের ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও শ্রেণিকক্ষের পরিচ্ছন্নতা বজায় রাখা;
- আবশ্যিকভাবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সুপেয় পানির ব্যবস্থা রাখা;
- ছেলে ও মেয়েদের জন্য পৃথক পৃথক স্যানিটেশনের ব্যবস্থা করা ও পরিচ্ছন্নতা বজায় রাখা;
- প্রতিষ্ঠানের বহিরাঙ্গনের পরিচ্ছন্নতা বজায় রাখা;
- সাপ্তাহিক পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ;
- পুরস্কার প্রদান;
- স্কাউট, গার্লস গাইড, বি.এন.সি.সি ও স্টুডেন্টস এর সহযোগিতা গ্রহণ;
- অভিভাবকগণের সহযোগিতা গ্রহণসহ পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

**উল্লেখ্য, আগামী ৩১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট সকলকে আনমন্ত্রণ জানিয়ে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করবেন। শিক্ষা কার্যক্রম ব্যাহত না করে প্রতি বৃহস্পতিবার প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থী ও শিক্ষকগণের সহযোগিতায় প্রতিষ্ঠানের পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় প্রশাসন এবং সুধী/অভিভাবকগণকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমন্ত্রণ জানাতে পারে। পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি ক্লাস রুটিনে অন্তর্ভুক্ত করতে হবে।**

বর্ণিত অবস্থায় উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালনসহ এতদসঙ্গে সংযুক্ত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৯.০১.১৯

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

১) অধ্যক্ষ/সুপার;
২) সভাপতি/সদস্যবৃন্দ- পরিচালনা কমিটি (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.৩৪.০০১.১৮-৭৩(৭) তারিখঃ ২৯.০১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সকল।
২. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৩. জেলা শিক্ষা অফিসার, সকল।
৪. প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ)
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

২৯.০১.১৯

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

F:\G\Admin\Shujan\Ministry\2019\16-108 B

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
পরিবহন পুল ভবন, ঢাকা
www.tmed.gov.bd

**পরিপত্র**

স্মারক নং: ৫৭.০০.০০০০.০০১.১৮.০৩২.১৬- ১০৮

তারিখ: ১৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষা কার্যক্রমের আওতায় পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

২.০ **শিক্ষার্থীদের ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও শ্রেণিকক্ষের পরিচ্ছন্নতা:**

২.১ শিক্ষার্থীদেরকে পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাকে শিক্ষা প্রতিষ্ঠানে আসতে উৎসাহ প্রদান করতে হবে;
২.২ শিক্ষার্থীদেরকে পরিচ্ছন্ন ব্যাগ এবং টিফিন বক্স ও পানির পাত্র ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করতে হবে;
২.৩ শ্রেণিকক্ষের প্রবেশ পথে পাপোষ ব্যবহার করতে হবে;
২.৪ শ্রেণিকক্ষের সামনে প্রয়োজনীয় সংখ্যক ঢাকনাযুক্ত পাত্র (বিন) রাখতে হবে এবং ঐ সকল নির্ধারিত পাত্রে ময়লা আবর্জনা ফেলতে ছাত্রছাত্রীদের উৎসাহিত করতে হবে;
২.৫ প্রতিষ্ঠান ছুটির পর আবশ্যিকভাবে ময়লা ফেলার পাত্রগুলো পরিষ্কার করে পরবর্তী দিনের জন্য ব্যবহার উপযোগী করে রাখতে হবে;
২.৬ শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে প্রবেশের পূর্বেই শ্রেণিকক্ষের চেয়ার-টেবিল-বেঞ্চ-ব্ল্যাকবোর্ড-হোয়াইটবোর্ড ইত্যাদি পরিষ্কার রাখতে হবে;
২.৭ এ সব বিষয়গুলো নিয়মিত পর্যবেক্ষণের জন্য প্রতি শ্রেণিকক্ষে এক বা একাধিক Class Monitor মনোনয়ন দিতে হবে।

৩.০ **সুপেয় পানি ও স্যানিটেশন :**

৩.১ আবশ্যিকভাবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সুপেয় পানির ব্যবস্থা রাখতে হবে;
৩.২ সম্ভাব্য ক্ষেত্রে ছেলে ও মেয়েদের জন্য পৃথক পৃথক ওয়াশ ব্লকের ব্যবস্থা রাখতে হবে এবং পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে;
৩.৩ মেয়েদের ওয়াশ ব্লকে স্যানিটারি ন্যাপকিন ডিসপোজালের (অপসারণ) ব্যবস্থা করতে হবে;
৩.৪ প্রতিদিন ওয়াশ ব্লকের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;
৩.৫ উপরি-উক্ত বিষয়গুলো মনিটর করার জন্য শিক্ষার্থী ও শিক্ষকগণের সমন্বয়ে এক বা একাধিক মনিটরিং টিম গঠন করতে হবে।

**৪.০ প্রতিষ্ঠানের বহিরাঙ্গনের পরিচ্ছন্নতা:**

৪.১ খেলার মাঠ যথাসম্ভব পরিচ্ছন্ন ও খেলাধুলার উপযোগী রাখতে হবে;

৪.২ ময়লা-আবর্জনা ফেলার উপযুক্ত বৃহদাকার ঢাকনাযুক্ত পাত্র (বিন) রাখতে হবে এবং তা নিয়মিত পরিষ্কার করার ব্যবস্থা রাখতে হবে;

৪.৩ প্রতিষ্ঠানের দেয়ালে নীতিবাক্য ছাড়া অন্য কোনো দেয়াল লিখন বন্ধ করতে হবে;

৪.৪ স্থান সংকুলান সাপেক্ষে বৃক্ষ রোপণের ব্যবস্থাসহ মৌসুমী ফুলের বাগান করতে হবে;

৪.৫ প্রতিষ্ঠানের বহিরাঙ্গনের সৌন্দর্য বৃদ্ধির জন্য ফুলের টব স্থাপন করা যেতে পারে।

**৫.০ সাপ্তাহিক পরিচ্ছন্নতা কার্যক্রম:**

**৫.১ আগামী ৩১ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট সকলকে আমন্ত্রণ জানিয়ে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করবেন;**

৫.২ শিক্ষা কার্যক্রম ব্যাহত না করে প্রতি বৃহস্পতিবার প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থী ও শিক্ষকগণের সহযোগিতায় প্রতিষ্ঠানের পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় প্রশাসন এবং সুধী/অভিভাবকগণকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমন্ত্রণ জানাতে পারে;

৫.৩ পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি ক্লাস রুটিনে অন্তর্ভুক্ত করতে হবে;

৫.৪ এ কার্যক্রম সারা বছর অব্যাহত থাকবে।

**৬.০ পুরস্কার প্রদান:**

৬.১ শ্রেণিকক্ষ পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে যে শিক্ষার্থীদের অবদান বেশি তাদের স্বীকৃতি প্রদানের জন্য পুরস্কৃত করতে হবে;

৬.২ উপজেলা, জেলা ও বিভাগীয় প্রশাসন তাদের স্ব স্ব অধিক্ষেত্রে অবস্থিত শ্রেষ্ঠ পরিচ্ছন্ন শিক্ষা প্রতিষ্ঠান বাছাই করে পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে পারে।

**৭.০ স্কাউট, গার্লস গাইড, বি.এন.সি.সি. ও স্টুডেন্টস কেবিনেট এর সহযোগিতা গ্রহণ:**

স্বাস্থ্যসম্মত, পরিবেশবান্ধব এবং পরিষ্কার-পরিচ্ছন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার বিষয়ে স্ব স্ব প্রতিষ্ঠানের গার্লস গাইড, স্কাউট, বি.এন.সি.সি. এবং স্টুডেন্টস কেবিনেট এর সদস্যবৃন্দকে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা যেতে পারে।

**৮.০ অভিভাবকগণের সহযোগিতা গ্রহণ:**

প্রযোজ্য ক্ষেত্রে মা/অভিভাবক সমাবেশে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য সচেতনতার বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিয়মিত আলোচনা করবে এবং এ বিষয়ে অভিভাবকদের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

**৯.০ ব্যয় নির্বাহ:**

স্বাস্থ্যসম্মত, পরিবেশবান্ধব এবং পরিষ্কার-পরিচ্ছন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য প্রয়োজনীয় ব্যয় স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান তাদের নিজস্ব তহবিল হতে নির্বাহ করবে।

১০.০ <u>মনিটরিং ব্যবস্থা:</u>

১০.১ এ কার্যক্রমকে টেকসই করার জন্য প্রযোজ্য ক্ষেত্রে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি উপযুক্ত শিক্ষক-কর্মকর্তাগণের সমন্বয়ে মনিটরিং টিম গঠন করবে এবং নিয়মিত অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ করবে;

১০.২ উর্ধ্বতন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে পরিচ্ছন্নতা সম্পর্কিত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং পরিদর্শন প্রতিবেদনে তা লিপিবদ্ধ করবেন।

১১.০ <u>প্রযোজ্যতা:</u>

কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরসহ এ পরিপত্র দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে।

১২.০ <u>পরিপত্র পালনে বাধ্যবাধকতা:</u>

পরিপত্রে বর্ণিত বিষয়গুলো প্রতিপালনে ব্যর্থ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে প্রয়োজনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩.০ <u>কার্যকারিতা:</u>

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো, যা ৩১ জানুয়ারি, ২০১৯ তারিখ থেকে কার্যকর হবে।

২৮.১.২০১৯

(মো. আলমগীর
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নং: ৫৭.০০.০০০০.০০১.১৮.০৩২.১৬- ১০৮(১২)/১০

তারিখ: ১৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড,।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২-নং অরফানেজ রোড, বক্‌শীবাজার, ঢাকা।
১০. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্‌স্টিটিউট (বি.এম.টি.টি.আই.), বোর্ড বাজার, গাজীপুর।
১২. আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, (সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধসহ) মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব............................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৪. বিভাগীয় কমিশনার.......................................................................... (সকল)।
৫. জেলা প্রশাসক...............................................................................(সকল)।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৭. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা.......................................................................(সকল)।
১০. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৮/০৭/২০২১

(মোহাম্মদ শহীদুল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৮০৭
ই-মেইল: sec1tmed@gmail.com